প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা ১০০০ ফোন : ৯৩৩০০৮১-৩, ফ্যাক্স : ৮৮০-২-৪৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা//www.pib.gov.bd
ই-মেইল : dg@pib.gov.bd, সোশ্যাল মিডিয়া : fb.com/pib.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

**বিষয়ঃ পিআইবি'র নৈতিকতা কমিটির অক্টোবর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আফরাজুর রহমান, পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ০৫.১০.২০২১ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:০০ |
| স্থান | পরিচালক (প্রশাসন)-এর দপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতি প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর বিষয় উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন), চ.দা জনাব মো. জাকির হোসেনকে আহ্বান জানান। সেই অনুসারে জনাব মো. জাকির হোসেন জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে। যেমন, বর্তমান কোভিড পরিস্থিতিতে কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে পিআইবি গেইটে আগত কর্মকর্তা/কর্মচারী ও দর্শনার্থীদের জ্বর মাপার জন্য ডিজিটাল থার্মোমিটার স্থাপন করা হয়েছে এবং প্রয়োজনীয় হ্যান্ড স্যানিটাইজার রাখা হয়েছে। ইতিমধ্যে পিআইবি'র আবাসিক প্রশিক্ষণার্থীদের সঙ্গে শুদ্ধাচার বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে, মোবাইল জার্নালিজম বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে, ক্রয় পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে, ভিত্তিহীন ও বিকৃত সংবাদ প্রচাররোধে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মো. আফতাব উদ্দীন ভূঁঞা জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ও ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়া ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন চূড়ান্ত হলে নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে আপলোড করা হবে। তিনি আরো জানান, বর্তমান অর্থবছর থেকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২১-২০২২ এর সংযোজনী-৪ এ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ যুক্ত করা হয়েছে। এপিএ এর ত্রৈমাসিক অর্জন প্রতিবেদনের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ক্রমিক নং এম.১ এর কর্মসম্পাদন সূচক [এম.১.১.১] অনুযায়ি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে অর্জিত নম্বর উল্লেখ করতে হবে।

এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে দেখা যায়, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ি এ প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২১) মোট অর্জিত মান ১১.২৫।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/১০/২০২১

(মোহাম্মদ আফরাজুর রহমান)
পরিচালক (প্রশাসন)

০২

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০
ফোন : ৯৩৩০০৮১-৩, ফ্যাক্স : ৮৮০-২-৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা//www.pib.gov.bd, ই-মেইল : dg@pib.gov.bd, সোশ্যাল মিডিয়া: fb.com/pib.gov

মুজিব শতবর্ষ ১০০

# নৈতিকতা কমিটির সভা

তারিখঃ ০৫.১০.২০২১

সময়: বেলা ১১.৩০টা

## পিআইবি'র নৈতিকতা টিমের উপস্থিত সদস্যবৃন্দ

| ক্র.নং. | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১. | মোহাম্মদ আফরাজুর রহমান<br>পরিচালক(প্রশাসন) | [signature] ০৫/১০/২০২১ |
| ২. | ~~আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন~~<br>~~পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ )~~<br>ড. কামরুল হক<br>গবেষণা বিশেষজ্ঞ (রু:দা:) চলতি দায়িত্ব | [signature] ০৫/১০/২০২১ |
| ৩. | মো. জাকির হোসেন<br>উপপরিচালক(প্রশাসন)(চলতি দায়িত্ব) | [signature] ০৫.১০.২০২১ |
| ৪. | মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা<br>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার(অতিরিক্ত দায়িত্ব) | [signature] ০৫/১০/২০২১ |